



WEST BENGAL STATE UNIVERSITY
B.A. Honours 3rd Semester Examination, 2020, held in 2021

BNGACOR06T-BENGALI (CC6)

বাংলা নাটক ও রঙ্গমঞ্চ

Time Allotted: 2 Hours

Full Marks: 50

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করে।
পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।

৫নং প্রশ্ন আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্ন নিয়ে আরও চারটি প্রশ্নের উত্তর দাও
(শব্দসংখ্যা অনধিক ৩০০ হওয়া বাঞ্ছনীয়)

একক - ১

১। কবে, কোথায়, কাদের উদ্যোগে ন্যাশনাল থিয়েটার প্রতিষ্ঠিত হয়? যে নাটক অভিনয়ের মাধ্যমে এই নাট্যশালার সূচনা তার অভিনয় ইতিহাস সংক্ষেপে লিপিবদ্ধ করো। ৩+৭

অথবা

জোড়াসাঁকো নাট্যশালা কবে প্রতিষ্ঠিত হয়? কমিটি অফ ফাইভে কারা ছিলেন? এই থিয়েটারে যে যে নাটক অভিনীত হয়েছিল সেগুলির অভিনয় বৃত্তান্ত লেখো। ১+২+৭

একক - ২

২। কৃষ্ণকুমারী একটি সার্থক ঐতিহাসিক ট্রাজেডি — আলোচনা করো। ১০

অথবা

‘কৃষ্ণকুমারী’ নাটকের মদনিকা ও বিলাসবতী চরিত্র দুটির সঙ্গে শূদ্রকের কোন নাটকের কোন চরিত্র দুটির সাদৃশ্য আছে? মদনিকা ও বিলাসবতী চরিত্র দুটির নাট্যগত উপযোগিতা আলোচনা করো। ৩+৭

একক - ৩

৩। ‘রাজা’ নাটকের উৎস কী? এই নাটকের অভিনয়যোগ্য সংস্করণের নাম কী? এই নাটকের শ্রেণিক্রম বিচার করো। ১+১+৮

অথবা

‘রাজা’ নাটকের সুদর্শনা ও সুরঙ্গমা চরিত্র দুটির তুলনামূলক আলোচনা করো। ১০

একক - ৪

৪। পঞ্চাশের মন্বন্তর ও সমকালীন সামাজিক প্রেক্ষাপট ‘নবান্ন’ নাটকে যোভাবে প্রতিফলিত হয়েছে তার পরিচয় দাও। ১০

অথবা

‘নবান্ন’ নাটকের সংলাপের অভিনবত্ব ও বৈশিষ্ট্য আলোচনা করো। ১০

- ৫। নিম্নলিখিত যে-কোনো দুটি বিষয় সম্পর্কে সংক্ষিপ্ত পরিচয় দাওঃ ৫×২= ১০
- (ক) যে-কোনো একটি বিষয় সম্পর্কে টীকা লেখোঃ ৫×১=৫
(অ) বাগবাজার এমেচার থিয়েটার (আ) গণনাট্য (ই) নবনাট্য
- (খ) ‘আমি ত তোমার কাকা নই, আমি চণ্ডাল, আমি তোমার কাল হয়ে এসেছিলাম’ – কে, কাকে এই উক্তি করেছে ? বক্তার এরূপ উক্তির কারণ কী ? ১+১+৩
- (গ) ‘আমি কারও প্রশংসা গ্রহণ করি নে।
আমার সঙ্গে সকলের হাসির সম্বন্ধ।’ ১+১+১+২
— কে, কাকে বলেছে ? কোন প্রসঙ্গে এরূপ মন্তব্য ? ‘হাসির সম্বন্ধ’ বলতে বক্তা কী বুঝিয়েছেন ?
- (ঘ) ‘তা ভালো কঙ্কালের ছবির কারবার’ – বক্তা কে ? কার উদ্দেশ্যে এরূপ উক্তি ? বক্তার মনোভাব বিশ্লেষণ করো। ১+১+৩

N.B. : *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

—x—